

বিজ্ঞপ্তি নং- বিজিএ/হেলথ/২০২৩/১৯

১২ জানুয়ারী, ২০২৩

সম্মানিত সকল সদস্য

বিজিএমইএ

বিষয়ঃ BGMEA সদস্যভুক্ত প্রতিষ্ঠানসমূহের ৬০ বছর উর্ধ্ব শ্রমিক/কর্মকর্তা-কর্মচারীদের দ্বিতীয় বুস্টার/চতুর্থ ডোজ কোভিড-১৯ টিকা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম।


আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিকরা পোশাক শিল্পের প্রধান চালিকা শক্তি। তাদের স্বাস্থ্য সুরক্ষার দায়িত্ব আমার/আপনার সকলের।

সম্প্রতি চীন, ভারত সহ পৃথিবীর বিভিন্ন দেশে নতুন ধরনের করোনা ভাইরাসের সংক্রমণ দেখা দিয়েছে। জেনেটিক সিকুয়েন্স পরিষ্কার মাধ্যমে জানা গেছে এসব দেশে ওমিক্রন ধরনের (variant) বিএফ.৭ উপধরনের (sub variant) কারণে সংক্রমণ বৃদ্ধি পেয়েছে। বিশেষজ্ঞরা জানিয়েছেন ওমিক্রনের এই নতুন উপধরন বিএফ.৭ অত্যন্ত সংক্রামক।

শ্রমিকের সুস্থতা ও নিরাপদ কর্মপরিবেশের সঙ্গে উৎপাদনশীলতা সরাসরি সম্পৃক্ত। টেকসই শিল্প গড়ে তুলতে উৎপাদনশীলতা বৃদ্ধির পাশাপাশি শিল্পে শ্রমিক, মালিক সহ সংশ্লিষ্ট সকলের জন্য নিরাপদ কর্ম পরিবেশ, সুস্থতা ও সুরক্ষা নিশ্চিতকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

দেশব্যাপী চলমান কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রমে ইতিমধ্যেই সকল শ্রমিককে ১ম ও ২য় ডোজ টিকার আওতায় আনা হয়েছে। এখন সারাদেশে কোভিড-১৯ টিকার বুস্টার ডোজ, দ্বিতীয় বুস্টার/চতুর্থ ডোজ দেওয়া হচ্ছে। বিজিএইএ'র সদস্যভুক্ত প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক/কর্মচারীদের মধ্যে এখনও যারা বুস্টার ডোজ কোভিড-১৯ টিকা গ্রহন করেননি এবং ৬০ বছর উর্ধ্ব সকলকে তাদের ও তাদের পরিবারের সদস্যদের দ্রুত নিকটস্থ টিকা কেন্দ্র হতে বুস্টার ডোজ, দ্বিতীয় বুস্টার/চতুর্থ ডোজ টিকা গ্রহন করার জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদান্তে,


ফারুক হাসান
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •